# বার্ষিক প্রতিবেদন

## ২০১৫ - ২০১৬ অর্থ বৎসর

# বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

## জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০

প্রকাশনায় : **বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট**
**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**
**সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০**
**ফোন : ৮৮০-২-৮৯৩৩৩৩৫, ফ্যাক্স : ৮৮০-২-৮৯৩৩৩৩৬**
ই-মেইল ঃ bpimail@bdmail.net, ওয়েব সাইট ঃ www.energysector-bpi.org.bd

প্রকাশকাল : **অক্টোবর, ২০১৬**

# <u>সূচীপত্র</u>


| ক্রমিক নং | পরিচ্ছেদ | | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|---|---|
| ১। | প্রথম পরিচ্ছেদ | : | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট পরিচিতি | ০১ |
| ২। | দ্বিতীয় পরিচ্ছেদ | : | প্রশিক্ষণ চিত্র জুলাই ২০১৫-জুন ২০১৬ এবং গবেষণা  কার্যক্রম | ০৪ |
| ৩। | তৃতীয় পরিচ্ছেদ | : | বাজেট ও হিসাব (জুলাই ২০১৫ - জুন ২০১৬ অর্থ বৎসর ) | ১১ |
| ৪। | চতূর্থ পরিচ্ছেদ | : | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর জনবল কাঠামো | ১৫ |
| ৫। | পঞ্চম পরিচ্ছেদ | : | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট: সমস্যা ও ভবিষ্যৎ পরিকল্পনা | ১৭ |

# প্রথম পরিচ্ছেদ

## বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

### ভূমিকা :

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীনে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট আইন ২০০৪ দ্বারা গঠিত একটি সংবিধিবদ্ধ সংস্থা। তেল, গ্যাস ও খনিজ খাতে কর্মরত কর্মকর্তা ও পেশাজীবিদের কারিগরি, প্রশাসনিক ও আর্থিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা বিপিআই এর অন্যতম দায়িত্ব। প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি, উচ্চতর গবেষণা, পেট্রোলিয়াম সংশ্লিষ্ট বিষয়ে যাবতীয় উপাত্ত সমন্বয়ে একটি কম্পিউটার ডাটা ব্যাংক পরিচালনা এবং সংশ্লিষ্ট বিষয়ে সরকারকে পরামর্শ প্রদানের লক্ষ্যে ১৯৮১ সালের জানুয়ারি মাসে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনে উন্নয়ন প্রকল্প হিসাবে “বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট” নামে এ প্রতিষ্ঠানের যাত্রা শুরু হয়। দুই পর্যায়ে ১৯৮১-৯২ এবং ১৯৯২-৯৬ সময়কালে ইউএনডিপি, নোরাড ও বাংলাদেশ সরকারের অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়ন করা হয় এবং এ সময়ে উক্ত প্রকল্পের অধীনে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর নিজস্ব ভবনটি বাংলাদেশ সরকারের অর্থায়নে নির্মাণ করা হয়। বিপিআই ভবনটি উত্তরা মডেল টাউনে অত্যন্ত মনোরম পরিবেশে অবস্থিত।

বিপিআই এর পরিচালনা ব্যয় সরকারের রাজস্বখাত, পেট্রোবাংলা ও বিপিসি হতে অনুদান হিসেবে প্রাপ্ত অর্থ দ্বারা নির্বাহ করা হচ্ছে।এছাড়া প্রশিক্ষণ ও অন্যান্য খাত হতে বিপিআই এর নিজস্ব অর্থ দ্বারাও বিপিআই এর ব্যয় নির্বাহ করা হয়। তেল, গ্যাস ও খনিজ খাতে কর্মরত পেশাজীবি কর্মকর্তা/কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান, গবেষণা ও উন্নয়ন কার্যাদি এবং শিক্ষামূলক সমন্বিত সমীক্ষা পরিচালনা, প্রযুক্তি হস্তান্তর ত্বরান্বিতকরণ ও প্রযুক্তির উৎকর্ষ সাধন ইত্যাদি কার্যাদি বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের নিকট ন্যস্ত করা হয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের কর্মকান্ড ১০ সদস্য বিশিষ্ট গভর্নিং বোর্ডের নির্দেশনা মোতাবেক পরিচালিত হচ্ছে। প্রতিবেদনাধীন সময়ে বিপিআই গভর্নিং বোর্ডের ০৩(তিন)টি বোর্ড সভা অনুষ্ঠিত হয়েছে।

### রূপকল্প (Vision)

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটকে আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানের সেন্টার অফ এক্সেলেন্স(Centre of Excellence) হিসাবে গড়ে তোলা।

### অভিলক্ষ্য( Mission )

তেল, গ্যাস ও খনিজ সম্পদ খাতে মানসম্পন্ন প্রশিক্ষিত মানব সম্পদ তৈরী।

কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. মানসম্পন্ন প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন ;
২. ওয়ার্কসপ/সেমিনার আয়োজন ;
৩. তেল, গ্যাস ও খনিজ সম্পদ বিষয়ে গবেষণা ও উন্নয়ন ;

বাংলাদেশ পেট্রোলিয়াম **ইন্সটিটিউট** এর উপর অর্পিত কার্যাবলী :-

(ক) তেল, গ্যাস ও খনিজ সম্পদ খাতের সকল পেশাজীবি ও কর্মকর্তার উচ্চতর প্রশিক্ষণ, উক্ত খাতের গবেষণা ও উন্নয়ন এবং শিক্ষা বিষয়ক কর্মকান্ড পরিচালনা ও ক্রমান্বয়ে এই সকল কর্মকান্ডের মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীতকরণের লক্ষ্যে উপযোগী স্থাপনাদি উন্নয়ন ও সুযোগ সৃষ্টি এবং সংশ্লিষ্ট বিষয়ে উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও প্রকাশ করা ;

(খ ) তেল, গ্যাস ও খনিজ অনুসন্ধান কাজের সাথে সংশ্লিষ্ট সমীক্ষা, পরীক্ষা, উপাত্ত প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ ইত্যাদি পরিচালনা এবং এতদ্‌সংক্রান্ত গবেষণা পরিচালনা করা ;

(গ ) বিভিন্ন দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ের সরকারি, বেসরকারি সংস্থা ও বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ স্থাপন এবং ইন্সটিটিউটের কর্মকান্ডের ক্ষেত্রে আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা অর্জন ও স্বীকৃতি লাভের জন্য যৌথ কর্মসূচী গ্রহণ করা ;

(ঘ ) আধুনিক তথ্য প্রযুক্তির সাহায্যে তেল, গ্যাস ও খনিজ বিষয়ক একটি জাতীয় তথ্য ব্যাংক স্থাপন এবং ইন্সটিটিউট-কে পেট্রোলিয়াম ও খনিজ সম্পদ সেক্টরের রেফারেন্স কেন্দ্র হিসাবে প্রতিষ্ঠা করা ;

(ঙ )) জাতীয় তথ্য ব্যাংকে সংগৃহীত ও সংরক্ষিত বিভিন্ন উপাত্ত, প্রতিবেদন সংক্রান্ত তথ্য প্রকাশ ও বিক্রয় করা ;

(চ ) ইন্সটিটিউট কর্তৃক প্রদত্ত সার্ভিস ও ইন্সটিটিউট পরিচালিত যাবতীয় কর্মকান্ডের জন্য গভর্নিং বোর্ড কর্তৃক ধার্যকৃত ও অনুমোদিত হারে “ফি”গ্রহণ করা ;

(ছ) ইন্সটিটিউটের প্রশিক্ষণ, গবেষণা ও উন্নয়ন কর্মকান্ডের জন্য প্রয়োজনীয় পরীক্ষাগার, ওয়ার্কশপ, ডরমিটরি ও অন্যান্য সুবিধাদি স্থাপন এবং রক্ষণাবেক্ষণ করা ও প্রাতিষ্ঠানিক উৎকর্ষ সাধনে বিশ্বের অন্যত্র পরিচালিত অনুরূপ ইন্সটিটিউটের সাথে যোগাযোগ ও সম্পর্ক স্থাপন করা।

## গভর্নিং বোর্ড :


বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর কর্মকান্ড নিম্নবর্ণিত ১০(দশ) জন বোর্ড সদস্যদের নির্দেশনা মোতাবেক পরিচালিত হচ্ছে :

| | | |
|---|---|---|
| (১) | সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | চেয়ারম্যান |
| (২) | চেয়ারম্যান, বিপিসি | সদস্য |
| (৩) | চেয়ারম্যান, পেট্রোবাংলা | সদস্য |
| (৪) | প্রধান, পেট্রোলিয়াম এন্ড মিনারেল রিসোর্সেস ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট, বুয়েট | সদস্য |
| (৫) | যুগ্ম-সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | সদস্য |
| (৬) | যুগ্ম-সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর | সদস্য |
| (৮) | চেয়ারম্যান, ভূতত্ত্ব বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| (৯) | বাংলাদেশ জিওলজিক্যাল সোসাইটির মনোনীত প্রতিনিধি | সদস্য |
| (১০) | মহাপরিচালক, বিপিআই | সদস্য সচিব |

## প্রাতিষ্ঠানিক সদস্য পদ :

ইন্সটিটিউট, প্রশিক্ষণ ও উন্নয়ন সংশ্লিষ্ট ১টি দেশীয় সমিতি “Bangladesh Society for Training and Development (BSTD)” এর প্রাতিষ্ঠানিক সদস্য।

## ইন্সটিটিউটের অবস্থান :



# দ্বিতীয় পরিচ্ছেদ

## প্রশিক্ষণ ও গবেষণা

### প্রশিক্ষণ:

বিপিআই ২০১৫-১৬ অর্থ বৎসরের প্রশিক্ষণ কোর্স ক্যালেন্ডার প্রণয়নের প্রাক্কালে জ্বালানি ও খনিজ সম্পদ সেক্টরের বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থা/কোম্পানীসমূহের প্রতিনিধিগণের সমন্বয়ে প্রশিক্ষণের চাহিদা নিরূপনের জন্য একটি সভা ০২/০৬/২০১৫ তারিখে আয়োজন করা হয়। উক্ত সভায় ২০১৪-২০১৫ সালে বাস্তবায়িত কোর্সের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় উপস্থিত প্রতিনিধিগণের চাহিদা ও মতামতের ভিত্তিতে বিপিআই এর ২০১৫-১৬ অর্থ বৎসরের জন্য নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্স ক্যালেন্ডার (সারণী-১) প্রণয়ন করা হয়, যা বিপিআই গর্ভনিং বোর্ডের ৫ ২ তম সভায় অনুমোদিত হয়।

সারণী ১ : ২০১৫-১৬ অর্থ বৎসরের অনুমোদিত কোর্সের তালিকা

Training Schedule for 2015-2016

| SL No. | Course Title | Duration (Working Day) | No. of Courses | Schedule Time(Tentative) |
|---|---|---|---|---|
| 1. | Material Engineering Codes & Standards | 05 days | 1 | 02– 06 August,2015 |
| 2. | Taxation and VAT Management | 10 days | 1 | 16 – 27 August,2015 |
| 3 | Gas Pipeline Welding and NDT | 05 days | 1 | 23-27 August,2015 |
| 4. | Corrosion Control and Cathodic Protection | 05 days | 1 | 06 – 10 September, 2015 |
| 5. | Project Management | 05 days | 1 | 06 – 10 September,2015 |
| 6. | Store Keeping & Stock Control | 05 days | 1 | 13 – 17 September, 2015 |
| 7. | Foundation Course | 2 Months | 1 | 04 October - 26 November, 2015 |
| 8. | Gas Network Analysis | 10 days | 1 | 11 -22 October, 2015 |
| 9. | Occupational Safety, Health and Environmental Management | 5 days | 1 | 25 -29 October, 2015 |
| 10. | Company law & Labour law Act, 2006 | 05 days | 1 | 15-19 November, 2015 |
| 11. | Prepaid Metering Installation and Management | 05 days | 1 | 22-26 November, 2015 |
| 12. | Workshop on the Annual Performance Agreement ( APA ) | 01 day | 1 | 29 November, 2015 |
| 13. | Reduction of POL Handling loss | 05 days | 1 | 06 – 10 December, 2015 |
| 14. | Fire Fighting, Fire Prevention, Rescue and First Aid | 02 days | 1 | 27 - 28 December, 2015 |
| 15. | Design, Construction, Operation and Maintenance of Gas Pipeline | 05 days | 1 | 27 – 31 December, 2015 |

| | | | | |
|---|---|---|---|---|
| 16. | Human Resources Management & Good Governance | 05 days | 1 | 03 - 07 January, 2016 |
| 17. | Well Completion, Testing and Production Technology | 05 days | 1 | 10 – 14 January,2016 |
| 18. | Plant Operation and Maintenance | 10 days | 1 | 07-18 February,2016 |
| 19. | Office Management | 05 days | 1 | 14-18 February,2016 |
| 20. | Public Procurement Act, 2006 & PPR | 05 days | 1 | 28 February – 03 March,2016 |
| 21. | Design, Construction, Operation and Maintenance of Gas RMS . | 05 days | 1 | 13 – 17 March, 2016 |
| 22. | Financial Management (Audit and Budget) | 05 days | 1 | 20 – 24 March, 2016 |
| 23. | Workshop On ACR Writing | 01 day | 1 | 27 March , 2016 |
| 24. | Advanced Programmable Logic Control (PLC) and Trouble Shooting | 10 days | 1 | 10 - 21 April, 2016 |
| 25. | Storage, Handling & Maintenance of POL Products | 15 days | 1 | 08 – 26 May, 2016 |
| 26. | Geology for Non-Geologist | 05 days | 1 | 08 – 12 May,2015 |

২০১৫-২০১৬ অর্থ বৎসরে বিপিআই গভর্নিং বোর্ডের অনুমোদিত প্রশিক্ষণ সূচী হতে ২০টি প্রশিক্ষণ কোর্স ও ০৮টি ওয়ার্কসপ এর মাধ্যমে মোট ৬৪১ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উক্ত কর্মসূচী সফলভাবে সম্পন্ন হয়েছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও কোম্পানী হতে প্রয়োজনীয় সংখ্যক প্রশিক্ষণার্থী মনোনয়ন না পাওয়ায় এবং কিছু প্রশিক্ষণ কারিগরী নির্ভরতার কারণে অন্যান্য (TICI) প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে নির্ধারিত সিডিউল না পাওয়ার কারণে কিছু প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়ন করা সম্ভব হয়নি। বাস্তবায়িত প্রশিক্ষণ কোর্স ও ওয়ার্কসপের তালিকা সারণী-২ এ দেয়া হলো।

সারণী ২ : ২০১৫-১৬ অর্থ বৎসরে বাস্তবায়িত প্রশিক্ষণ কোর্স ও ওয়ার্কসপসমূহ :

বিপিআই কর্তৃক ২০১৫-১৬ অর্থ বৎসরের বাস্তবায়িত প্রশিক্ষণ কোর্স ও ওয়ার্কসপের তালিকা :

| ক্রমিক নং | প্রশিক্ষণের নাম | প্রশিক্ষণার্থীর সংখ্যা | সময় |
|---|---|---|---|
| ০১। | Material Engineering Codes & Standards | ১২ জন | ০২-০৬ আগষ্ট ২০১৫ |
| ০২। | Tax and VAT Management | ৩০ জন | ১৬-২৭ আগষ্ট ২০১৫ |
| ০৩। | Corrosion Control & Cathodic Protection | ২৭ জন | ০৬-১০ সেপ্টেম্বর ২০১৫ |
| ০৪। | Project Management | ৩৯ জন | ০৬-১০ সেপ্টেম্বর ২০১৫ |

| | | | |
|---|---|---|---|
| ০৫। | Store Keeping & Stock Control | ২১ জন | ১৩-১৭ সেপ্টেম্বর ২০১৫ |
| ০৬। | Gas Pipeline Welding & NDT | ১৯ জন | ১৩-১৭ সেপ্টেম্বর ২০১৫ |
| ০৭। | Gas Network Analysis | ১৪ জন | ১১-২১ অক্টোবর ২০১৫ |
| ০৮। | Occupational Safety, Health and Environmental Management | ২২ জন | ২৫-২৯ অক্টোবর ২০১৫ |
| ০৯। | Company Law & Labour Law Act, 2006 | ২৩ জন | ১৫-১৯ নভেম্বর ২০১৫ |
| ১০। | Prepaid Metering Installation and Management | ১১ জন | ২২-২৬ নভেম্বর ২০১৫ |
| ১১। | তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ক ওয়ার্কসপ | ১৫জন | ০৩ ডিসেম্বর ২০১৫ |
| ১২। | Reduction of POL Handling Loss | ১২জন | ০৬-১০ ডিসেম্বর ২০১৫ |
| ১৩। | Annual Performance Agreement(APA) ওয়ার্কসপ | ৩২জন | ২১ ডিসেম্বর২০১৫ |
| ১৪। | Fire Fighting , Fire Prevention, Rescue and First Aid | ৪৪জন | ২৭-২৮ ডিসেম্বর ২০১৫ |
| ১৫। | Design, Coustruction, Operation and Maintenance of Gas pipline | ২৮জন | ২৭-৩১ ডিসেম্বর ২০১৫ |
| ১৬। | Existing BPI Website: Err,correction & Development বিষয়ক ওয়ার্কসপ | ১১জন | ২০ □□□□□□□□□ ২০১৬ |
| ১৭। | Human Resources Management & Good Governance | ১৪জন | ২৪-২৮ জানুয়ারি ২০১৬ |
| ১৮। | Storage Handling and Maintenance of POL Products and Aircraft Refueling | ২০জন | ২৪ জানুয়ারি -১৮ফেব্রুয়ারি ২০১৬ |
| ১৯। | Annual Performance Agreement(APA) ওয়ার্কসপ | ৩২জন | ০৬ ফেব্রুয়ারি ২০১৬ |
| ২০। | Office Management | ১৭জন | ১৪-১৮ □□□□□□□□□□□ ২০১৬ |
| ২১। | Annual Performance Agreement (APA)ওয়ার্কসপ | ৩৩জন | ২৭ □□□□□□□□□□□ ২০১৬ |
| ২২। | Annual Performance Agreement (APA)ওয়ার্কসপ | ১৯ জন | ০৫ মার্চ ২০১৬ |
| ২৩। | Design, Construction, Operation and Maintenance of Gas RMS | ২১ জন | ১৩-১৬ মার্চ ২০১৬ |
| ২৪। | Financial Management | ২৪ জন | ২০ - ২৪ মার্চ ২০১৬ |
| ২৫। | Public Procurement Act, 2006 & PPR | ২০ জন | ২০ - ২৪ মার্চ ২০১৬ |
| ২৬। | Workshop on ACR Writing | ৩৩ জন | ২৭ মার্চ ২০১৬ |
| ২৭। | Workshop on ACR Writing | ২৮ জন | ৩০ মার্চ ২০১৬ |
| ২৮। | Geology for Non-Geologist | ২০ জন | □□ - □□ □□ |

| | | | ২০১৬ |
|---|---|---|---|

৬

বিপিআই এর ২০১৫-১৬ অর্থ বছরে অনুমদিত প্রশিক্ষণ কোর্স ক্যালেন্ডার হতে যে সকল প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়নি তার তালিকা নিম্নরূপ :

| ক্রমিক নং | প্রশিক্ষণের নাম | সময় |
|---|---|---|
| ০১। | Foundation Course | ০৪ অক্টোবর - ২৬ নভেম্বর ২০১৫ (২ মাস) |
| ০২। | Well Comptetion, Testing and Production Technology | ১০ - ১৪ জানুয়ারি ২০১৬ (০৫ দিন) |
| ০৩। | Plant Operation and Maintenance | ০৭ - ১৮ ফেব্রুয়ারি ২০১৬ (১০ দিন) |
| ০৪। | Advanced Programmable Logic control (PLC) and Troubleshooting. | ১০ - ২১ এপ্রিল ২০১৬ (১০ দিন) |

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন :

২০১৫-২০১৬ অর্থ বৎসরের জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে ৪টি সভা অনুষ্ঠিত হয়। শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনা অনুযায়ী বিপিআই এর ০৬ জন কর্মকর্তা ও ০৯ জন কর্মচারীকে প্রশিক্ষণ দেয়া হয়। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের প্রায়োগিক দিক হিসেবে প্রতিবেদনাধীন সময়ে বিপিআই-এ অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্স সমূহ উদ্বোধনী পর্বে শুদ্ধাচার বিষয়ে আলোকপাত করা হয়।

## নিজস্ব কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি :

বিপিআই এর কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি কল্পে দেশের অভ্যন্তরে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। নিম্নে কর্মকর্তাদের প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য:

**২০১৫-১৬ অর্থ বৎসরের বিপিআই এর কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণের তালিকা :**

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | প্রশিক্ষণের নাম | প্রশিক্ষণের সময় | উদ্যোগী সংস্থা/এজেন্সী |
|---|---|---|---|---|
| ০১। | বেগম দিলারা চৌধুরী<br>সহকারী পরিচালক, ভান্ডার শাখা | পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট ২০০৬ ও রুলস ২০০৮ | ২৩-০৭-২০১৫ | আরপিএটিসি |
| ০২। | জনাব মো: আব্দুল হালিম শেখ<br>গবেষণাগার পরিচারক | কম্পিউটার লিটারেসী | ০৪-০৮ অক্টোবর ২০১৫ | আরপিএটিসি |
| ০৩। | বেগম আমিনা নাসরীন<br>বৈজ্ঞানিক কর্মকর্তা(এস.ও) | Web site Design and Web Applications Development & outsourcing Technique | ১৫-০৯-২০১৫ হতে ০৪-০২-২০১৬ | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল |
| ০৪। | বেগম সানজিদা সোবহান<br>পরিচালক(প্রশাসন ও প্রশিক্ষণ) | তথ্য অধিকার আইন বিষয়ক ওয়ার্কসপ | ০৩-১২-২০১৫ | বিপিআই |
| ০৫। | বেগম আমিনা নাসরীন<br>বৈজ্ঞানিক কর্মকর্তা(এস.ও) | তথ্য অধিকার আইন বিষয়ক ওয়ার্কসপ | ০৩-১২-২০১৫ | বিপিআই |
| ০৬। | দিলারা পারভীন<br>সহকারী পরিচালক, প্রশাসন শাখা | তথ্য অধিকার আইন বিষয়ক ওয়ার্কসপ | ০৩-১২-২০১৫ | বিপিআই |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭। | বেগম মোর্শেদা আক্তার হেনা<br>সহকারী পরিচালক, হিসাব শাখা | তথ্য অধিকার আইন বিষয়ক ওয়ার্কসপ | ০৩-১২-২০১৫ | বিপিআই |
| ০৮। | বেগম দিলারা চৌধুরী<br>সহকারী পরিচালক(ভান্ডার) | তথ্য অধিকার আইন বিষয়ক ওয়ার্কসপ | ০৩-১২-২০১৫ | বিপিআই |
| ০৯। | বেগম জাহানারা বেগম<br>সহকারী পরিচালক, লাইব্রেরী শাখা | তথ্য অধিকার আইন বিষয়ক ওয়ার্কসপ | ০৩-১২-২০১৫ | বিপিআই |
| ১০। | জনাব মো: গাওস-ই-আজম<br>হিসাব রক্ষক কাম ক্যাশিয়ার | তথ্য অধিকার আইন বিষয়ক ওয়ার্কসপ | ০৩-১২-২০১৫ | বিপিআই |
| ১১। | বেগম সাবিহা সুলতানা<br>নক্‌শাকার | তথ্য অধিকার আইন বিষয়ক ওয়ার্কসপ | ০৩-১২-২০১৫ | বিপিআই |
| ১২। | জনাব মো: মকবুল আলম<br>টেকনিশিয়ান | তথ্য অধিকার আইন বিষয়ক ওয়ার্কসপ | ০৩-১২-২০১৫ | বিপিআই |
| ১৩। | জনাব মো: সিদ্দিকুর রহমান ভূঁইয়া<br>সহকারী (গ্রন্থাগার) | তথ্য অধিকার আইন বিষয়ক ওয়ার্কসপ | ০৩-১২-২০১৫ | বিপিআই |
| ১৪। | জনাব মো: আশরাফুজ্জামান<br>সহকারী(ভান্ডার) | তথ্য অধিকার আইন বিষয়ক ওয়ার্কসপ | ০৩-১২-২০১৫ | বিপিআই |
| ১৫। | জনাব মো: আব্দুম ছালাম<br>সহকারী(প্রশিক্ষণ) | তথ্য অধিকার আইন বিষয়ক ওয়ার্কসপ | ০৩-১২-২০১৫ | বিপিআই |
| ১৬। | বেগম রোকেয়া মজুমদার<br>অফিস সহকারী | তথ্য অধিকার আইন বিষয়ক ওয়ার্কসপ | ০৩-১২-২০১৫ | বিপিআই |
| ১৭। | বেগম এলিজা খানম<br>অফিস সহকারী কাম কম্পি:মুদ্রাক্ষরিক | তথ্য অধিকার আইন বিষয়ক ওয়ার্কসপ | ০৩-১২-২০১৫ | বিপিআই |
| ১৮। | জনাব মো: আব্দুল হালিম শেখ<br>গবেষণাগার পরিচারক | তথ্য অধিকার আইন বিষয়ক ওয়ার্কসপ | ০৩-১২-২০১৫ | বিপিআই |
| ১৯। | বেগম মোর্শেদা আক্তার হেনা<br>সহকারী পরিচালক, হিসাব শাখা | iBAS++এর বাজেট প্রণয়ন মডিউলে ডাটা এন্ট্রি বিষয়ক কর্মশালা | ০৯-১২-২০১৫ | অর্থ বিভাগ |
| ২০। | জনাব মো: গাওস-ই-আজম<br>হিসাব রক্ষক কাম ক্যাশিয়ার | iBAS++ এর বাজেট প্রণয়ন মডিউলে ডাটা এন্ট্রি বিষয়ক কর্মশালা | ০৯-১২-২০১৫ | অর্থ বিভাগ |
| ২১। | বেগম মোর্শেদা আক্তার হেনা<br>সহকারী পরিচালক, হিসাব শাখা | কমিউনিকেটিভ ইংলিশ | ২০-৩১<br>ডিসেম্বর ২০১৫ | আরপিএটিসি |
| ২২। | জনাব মো: সিদ্দিকুর রহমান ভূঁইয়া<br>সহকারী (গ্রন্থাগার) | মৌল অফিস ব্যবস্থাপনা | ০৩-২১<br>জানুয়ারি ২০১৬ | আরপিএটিসি |
| ২৩। | বেগম আমিনা নাসরীন<br>বৈজ্ঞানিক কর্মকর্তা(এস.ও) | ওয়েব সাইট হালনাগাদকরণ বিষয়ক কর্মশালা | ১৪-০১-২০১৬ | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ |
| ২৪। | বেগম সানজিদা সোবহান<br>পরিচালক(প্রশাসন ও প্রশিক্ষণ) | Exisiting BPI Website:Err.Correction & Development বিষয়ক ওয়ার্কসপ | ২০-০১-২০১৬ | বিপিআই |
| ২৫। | বেগম আমিনা নাসরীন<br>বৈজ্ঞানিক কর্মকর্তা(এস.ও) | Exisiting BPI Website:Err.Correction & Development বিষয়ক ওয়ার্কসপ | ২০-০১-২০১৬ | বিপিআই |
| ২৬। | দিলারা পারভীন<br>সহকারী পরিচালক, প্রশাসন শাখা | Exisiting BPI Website: Err Corrction & Development বিষয়ক ওয়ার্কসপ | ২০-০১-২০১৬ | বিপিআই |
| ২৭। | বেগম মোর্শেদা আক্তার হেনা<br>সহকারী পরিচালক, হিসাব শাখা | Exisiting BPI Website: Err Correction & Development বিষয়ক ওয়ার্কসপ | ২০-০১-২০১৬ | বিপিআই |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৮। | বেগম দিলারা চৌধুরী<br>সহকারী পরিচালক(ভান্ডার) | Exisiting BPI Website: Err Correction & Development বিষয়ক ওয়ার্কসপ | ২০-০১-২০১৬ | বিপিআই |
| ২৯। | বেগম জাহানারা বেগম<br>সহকারী পরিচালক, লাইব্রেরী শাখা | Exisiting BPI Website: Err Correction & Development বিষয়ক ওয়ার্কসপ | ২০-০১-২০১৬ | বিপিআই |
| ৩০। | জনাব মো: গাওস-ই-আজম<br>হিসাব রক্ষক কাম ক্যাশিয়ার | Exisiting BPI Website: Err Correction & Development বিষয়ক ওয়ার্কসপ | ২০-০১-২০১৬ | বিপিআই |
| ৩১। | জনাব মো: মকবুল আলম<br>টেকনিশিয়ান | Exisiting BPI Website: Err Correction & Development বিষয়ক ওয়ার্কসপ | ২০-০১-২০১৬ | বিপিআই |
| ৩২। | জনাব মো: আশরাফুজ্জামান<br>সহকারী(ভান্ডার) | Exisiting BPI Website: Err Correction & Development বিষয়ক ওয়ার্কসপ | ২০-০১-২০১৬ | বিপিআই |
| ৩৩। | জনাব মো: আব্দুম ছালাম<br>সহকারী(প্রশিক্ষণ) | Exisiting BPI Website: Err Correction & Development বিষয়ক ওয়ার্কসপ | ২০-০১-২০১৬ | বিপিআই |
| ৩৪। | জনাব মো: আব্দুল হালিম শেখ<br>গবেষণাগার পরিচারক | Exisiting BPI Website: Err Correction & Development বিষয়ক ওয়ার্কসপ | ২০-০১-২০১৬ | বিপিআই |
| ৩৫। | বেগম সাবিহা সুলতানা<br>নক্শাকার | মৌলিক আচরণ ও শৃঙ্খলা | ২৪-২৮ জানুয়ারি ২০১৬ | আরপিএটিসি |
| ৩৬। | বেগম জাহানারা বেগম<br>সহকারী পরিচালক | Office Management | ১৪-১৮ ফেব্রুয়ারি | বিপিআই |
| ৩৭। | বেগম রোকেয়া মজুমদার<br>অফিস সহকারী | Office Management | ১৪-১৮ ফেব্রুয়ারি | বিপিআই |
| ৩৮। | সানজিদা সোবহান<br>পরিচালক(প্রশাসন ও প্রশিক্ষণ) | 3-Weeks training on Procurement of Goods, Work and Services | ০৯-২৮ ফেব্রুয়ারি | C.PTU |
| ৩৯। | বেগম এলিজা খানম<br>অ:স: কাম কম্পউটার মুদ্রাক্ষরিক | কম্পিউটার এ্যাপ্লিকেশন এন্ড ইংলিশ ল্যাংগুয়েজ | ১৪ ফেব্রুয়ারি–০৩ মার্চ ২০১৬ | RPATC |
| ৪০। | বেগম দিলারা চৌধুরী<br>সহকারী পরিচালক(ভান্ডার) | 3-Weeks training onProcurement of Goods, Work and Services | ০১–১৬ মার্চ ২০১৬ | C.P.T.U |
| ৪১। | বেগম সানজিদা সোবহান<br>পরিচালক(প্রশাসন ও প্রশিক্ষণ) | SustainableDevelopment Goals and Targets-সেমিনার | ১ ০ -৩ -২ ০ ১ ৬ | হাইড্রোকার্বন ইউনিট |
| ৪২। | দিলারা পারভীন<br>সহকারী পরিচালক, প্রশাসন শাখা | SustainableDevelopment Goals and Targets-□□□□□□□ | ১ ০ -৩ -২ ০ ১ ৬ | হাইড্রোকার্বন ইউনিট |
| ৪৩। | মোর্শেদা আক্তার হেনা<br>সহকারী পরিচালক, হিসাব শাখা | Financial Management | ২০-২৪ মার্চ ২ ০ ১ ৬ | বিপিআই |
| ৪৪। | জনাব মো: গাওস-ই-আযম<br>হিসাব রক্ষক কাম ক্যাশিয়ার | Financial Management | ২০-২৪ মার্চ ২ ০ ১ ৬ | বিপিআই |
| ৪৫। | জনাব মো: ওয়াছিম জাব্বার<br>মহাপরিচালক | Reginal Procurement Study visit | ০৯-১৫এপ্রিল ২ ০ ১ ৬ | অস্ট্রেলিয়া |
| ৪৬। | জনাব মো: সিদ্দিকুর রহমান ভূঁইয়া<br>সহকারী (গ্রন্থাগার) | কম্পিউটার এ্যাপ্লিকেশন এন্ড ইংলিশ ল্যাংগুয়েজ | ২২ মে-০৯ জুন ২ ০ ১ ৬ | RPATC |

## গবেষণা :

জাপান এর JGI, MOECO ও ICEP এর আর্থিক ও কারিগরী সহায়তা এবং বাংলাদেশের বিপিআই, পেট্রোবাংলা ও বাপেক্স এর যৌথ উদ্যোগে পরিচালিত "Joint Research of Surma Basin, Bangladesh" শীর্ষক গবেষণা কার্যক্রমের ৪র্থ পর্যায় কার্যক্রম ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। গবেষণার ফলাফল পেট্রোবাংলার সম্মেলন কক্ষে একটি সেমিনারের মাধ্যমে জাপান-বাংলাদেশ যৌথ গবেষণা দল কর্তৃক উপস্থাপিত হয়েছে। গবেষণার প্রতিবেদন বিপিআই-কে প্রদান করা হয়েছে। উক্ত প্রতিবেদনে বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলের কয়েকটি এলাকায় তেল প্রাপ্তির সম্ভাবনার কথা গুরুত্ব সহকারে উল্লেখ করা হয়েছে। আশা করা যায় পরবর্তী পর্যায়ে গবেষণা কার্যক্রম অব্যাহত থাকবে।

## গ্রন্থাগার :

প্রশিক্ষক ও গবেষকদের চাহিদা মেটাতে বিপিআইতে একটি সমৃদ্ধ গ্রন্থাগার রয়েছে। ২,৯৩৭টি পুস্তক সমৃদ্ধ গ্রন্থাগারটিতে বেশীর ভাগ কারিগরী বিষয়ের বই রয়েছে। তাছাড়া কিছু বিদেশী জার্নাল, প্রশাসনিক ও অন্যান্য পাঠ্য সামগ্রী রয়েছে। প্রতিবেদনাধীন সময়ে ব্যবহারিক বাংলা বানান অভিধান, বাংলা উচ্চারণ অভিধান, English Bangla Dictionary, সুশাসন-২টা, শেকড় পাতা ও ঠিকানা, শিশুদের ছাত্র, শান্তি ও মানবতার দূত জিমিকার্টার, অপুত্র পুত্রগণসহ মোট ০৯টি বই ক্রয় করা হয়। গ্রন্থাগারের বই উত্তোলন ও জমার ব্যবস্থা সনাতন নিয়মে হাতে কলমে খাতায় লিপিবদ্ধ করে পরিচালনা করা হয়। আধুনিক ব্যবস্থাপনা হিসাবে গ্রন্থাগারটিতে ডাটাবেইজ ব্যবস্থাপনা প্রবর্তন করা হবে। এই লক্ষ্যে ইতোমধ্যে গ্রন্থাগারের জন্য Barcode প্রিন্টারসহ একটি কম্পিউটার কেনা হয়েছে।

# তৃতীয় পরিচ্ছেদ

## বাজেট ও হিসাব (২০১৫- ২০১৬ অর্থ বৎসর)

### বাজেট ও হিসাব :

বিপিআই এর আর্থিক লেনদেন সম্পাদনের জন্য একটি হিসাব শাখা রয়েছে। যাবতীয় আয়-ব্যয়, লেনদেন এবং হিসাব সংগ্রহের দায়িত্ব এ শাখা পালন করে থাকে। ইন্সটিটিউট এর পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিক দায়িত্বে নিয়োজিত থেকে কার্যাদি তদারক করেন।

বিপিআই একটি সংবিধিবদ্ধ সংস্থা হলেও সরকারি হিসাব পদ্ধতিই এখানে চালু রয়েছে। বিপিআই এর নিম্নলিখিত উৎস হতে তহবিল প্রাপ্ত হয় :

(ক) সরকারী অনুদান
(খ) পেট্রোবাংলা
(গ) বিপিসি
(ঘ) নিজস্ব আয়

২০১৫-১৬ অর্থ বৎসরে বিপিআই পরিচালনার জন্য ২,৮৮,৬৬,০০০/-(দুই কোটি আটাশি লক্ষ ছিষট্টি হাজার) টাকার বাজেট গভর্নিং বোর্ড কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে উক্ত অর্থ বৎসরের জন্য পরিচালনা বোর্ড কর্তৃক ১,৮৩,৮৬,৯০৫/১৯(এক কোটি তিরাশি লক্ষ ছিয়াশি হাজার নয়শত পাঁচ টাকা উনিশ পয়সা) টাকা সংশোধিত বাজেট বিভাজন অনুমোদিত হয়। অনুমোদিত বাজেট অনুযায়ী বর্ণিত সময়ে সর্বমোট ১,৮০,৩৮,০৯৬/৫০(এক কোটি আশি লক্ষ আটত্রিশ হাজার ছিয়ানব্বই টাকা পঞ্চাশ পয়সা) টাকা ব্যয় হয়। ২০১৫-১৬ অর্থ বৎসরে সরকারী অনুদানের পরিমাণ ছিল ১,৩২,৭০,০০০/-(এক কোটি বত্রিশ লক্ষ সত্তর হাজার) টাকা। এছাড়া পেট্রোবাংলা থেকে ৫০(পঞ্চাশ লক্ষ) টাকা, বিপিসি থেকে ১৫(পনের) লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। ২০১৫-১৬ অর্থ বৎসরে প্রশিক্ষণ ফি বাবদ ৪২,৪৮,৫৮২/-(বিয়াল্লিশ লক্ষ আটচল্লিশ হাজার পাঁচশত বিরাশি) টাকা। অডিটরিয়াম ভাড়া বাবদ ৮,০০০/-(আট হাজার ) টাকা। এফডিআর হতে সুদ বাবদ ৭৭,৯২,০২৬/২৪(সাতাত্তর লক্ষ বিরানব্বই হাজার ছাব্বিশ টাকা চব্বিশ) টাকা, এসটিডি হিসাব হতে সুদ বাবদ ২,৪২,৪৬৮/-(দুই লক্ষ বিয়াল্লিশ হাজার চারশত আষট্টি)টাকাসহ সর্বমোট(৪২,৪৮,৫৮২/-+৮,০০০+৭৭,৯২,০২৬/২৪+২,৪২,৪৬৮/-) =১,২২,৯১,০৭৬/২৪(এক কোটি বাইশ লক্ষ একানব্বই হাজার ছিয়াত্তর টাকা চব্বিশ পয়সা) টাকা আয় হয়েছে। বিপিআই এর নিজস্ব তহবিল হিসাবে সোনালী ব্যাংক লি:, উত্তরা মডেল টাউন শাখায় ৯টি এফডিআর-এ ৭,৩০,০০,০০০/-(সাত কোটি ত্রিশ লক্ষ) টাকা, জনতা ব্যাংক লি:, উত্তরা মডেল টাউন কর্পোরেট শাখায় ২টি এফডিআর-এ ৬০,০০,০০০/-(ষাট লক্ষ) টাকা এবং সাউথ ইষ্ট ব্যাংক লি:, উত্তরা শাখায় ১টি এফডিআর-এ ৬০,০০,০০০/-(ষাট লক্ষ) টাকা এবং ওয়ান ব্যাংক লি:, উত্তরা মডেল টাউন শাখায় ৩টি এফডিআরএ ৬৫,০০০(পঁয়ট্টি লক্ষ) টাকা সহ ১৫টি এফডিআর-এ মোট ৯,৮৫,০০,০০০/-(নয় কোটি পঁচাশি লক্ষ) টাকা স্থায়ী আমানত (এফডিআর) হিসাবে জমা আছে। ২০১৫-১৬ অর্থ বৎসরের বরাদ্দ ও ব্যয়ের বিবরণী সংযোজনী ’ক’তে দেয়া হলো।

সংযোজনী-'ক'

# ২০১৫-১৬ অর্থ বছরের বরাদ্দ ও ব্যয়ের চূড়ান্ত হিসাব বিবরণী

| ক্রমিক নং | কোড নং | ব্যয়ের খাত | ২০১৫-১৬ অর্থ বছরের অনুমোদিত মূল বাজেট | ২০১৫-১৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বাজেট | ২০১৫-১৬ অর্থ বছরের ব্যয় |
|---|---|---|---|---|---|
| | রাজস্ব ব্যয় | | | | |
| ১ | ৪৫০১ | কর্মকর্তাদের বেতন | ২৪,৬০,০০০.০০ | ৩২,৫০,০০০.০০ | ৩২,৩৮,৩১৫.৩৪ |
| ২ | ৪৬০১ | কর্মচারীদের বেতন | ৩৪,৪০,০০০.০০ | ৪৭,১৬,০০০.০০ | ৪৭,০৬,৭৫৪.৬০ |
| | | উপমোট : | ৫৯,০০,০০০.০০ | ৭৯,৬৬,০০০.০০ | ৭৯,৪৫,০৬৯.৯৪ |
| | ৪৭০০ ভাতাদি | | | | |
| ১ | ৪৭০১ | মহার্ঘ ভাতা | ১২,০০,০০০.০০ | ০০ | ০০ |
| ২ | ৪৭০৫ | বাড়ী ভাড়া ভাতা | ৩৩,৫০,০০০.০০ | ২৬,৬০,০০০.০০ | ২৬,৪৯,০২৬.০০ |
| ৩ | ৪৭০৯ | শ্রান্তি ও বিনোদন ভাতা | ১,০০,০০০.০০ | ১,০০,০০০.০০ | ৪১,৪০০.০০ |
| ৪ | ৪৭১৩ | উৎসব ভাতা | ৯,৮০,০০০.০০ | ১৪,৯৯,০০০.০০ | ১৪,৫২,৭৬৩.৩৩ |
| ৫ | ৪৭১৪ | বাংলা নববর্ষ ভাতা | ০০ | ১,৩৫,০০০.০০ | ১,৩৪,১৯৬.০০ |
| ৬ | ৪৭১৭ | চিকিৎসা ভাতা | ২,৯৪,০০০.০০ | ২,৭০,০০০.০০ | ২,৬৮,৮০০.০০ |
| ৭ | ৪৭৫২ | ধোলাই ভাতা | ১৬,০০০.০০ | ১৫,০০০.০০ | ১৪,৪০০.০০ |
| ৮ | ৪৭৩৩ | আপ্যায়ন ভাতা | ৮,০০০.০০ | ৮,০০০.০০ | ৭,২০০.০০ |
| ৯ | ৪৭৩৭ | দায়িত্বভার ভাতা | ৩০,০০০.০০ | ০০ | ০০ |
| ১০ | ৪৭৫৫ | টিফিন ভাতা | ৬২,০০০.০০ | ৫৬,০০০.০০ | ৫৪,৫৬০.০০ |
| ১১ | ৪৭৬১ | ভ্রমন ভাতা | ৩,০০,০০০.০০ | ১১,৭৫১.৩৭ | ১১,৭৫১.৩৭ |
| ১২ | ৪৭৬৫ | যাতায়াত ভাতা | ৪৮,০০০.০০ | ৪৫,০০০.০০ | ৪৩,৯৭০.৩১ |
| ১৩ | ৪৭৭৩ | শিক্ষা ভাতা | ৮৬,০০০.০০ | ৭৫,০০০.০০ | ৭৩,৮০০.০০ |
| ১৪ | ৪৭৯৩ | টেলিফোন ভাতা / মোবাইল ভাতা | ১২,০০০.০০ | ১২,০০০.০০ | ১২,০০০.০০ |
| ১৫ | ৪৭৯৫ | অন্যান্য ভাতা(প্রশিক্ষণ ভাতা) | ২,৭৪,০০০.০০ | ২,৪০,০০০.০০ | ২,৩৮,৫০০.০০ |
| | | উপমোট : | ৬৭,৬০,০০০.০০ | ৫১,২৬,৭৫১.৩৭ | ৫০,০২,৩৬৭.০১ |
| | ৪৮০০ সরবরাহ ও সেবা | | | | |
| ১৬ | ৪৮০১ | ভ্রমণ ব্যয় | ৫০,০০০.০০ | ৫৩,০০৬.০০ | ৫৩,০০৬.০০ |
| ১৭ | ৪৮০২ | বদলী ব্যয় | ২০,০০০.০০ | ০০ | ০০ |
| ১৮ | ৪৮০৫ | অধিকাল ভাতা | ২,৫০,০০০.০০ | ১,৩৭,৫৯৪.০৬ | ১,৩৭,৫৯৪.০৬ |
| ১৯ | ৪৮০৮ | ভাড়া সরঞ্জামাদি | ৫০,০০০.০০ | ২৩,৮৮০.০০ | ২৩,৮৮০.০০ |
| ২০ | ৪৮১০ | পৌরকর | ৮৫,০০০.০০ | ৫১,৩২২.০০ | ৫১,৩২২.০০ |
| ২১ | ৪৮১১ | ভূমিকর | ৭,৫০০.০০ | ২০,০০০ | ০০ |
| ২২ | ৪৮১৩ | কাষ্টম, শুল্ক/ভ্যাট | -- | ০০ | ০০ |
| ২৩ | ৪৮১৪ | অন্যান্য কর | -- | ০০ | ০০ |
| ২৪ | ৪৮১৫ | ডাক | ৫,০০০.০০ | ১২০.০০ | ১২০.০০ |
| ২৫ | ৪৮১৬ | টেলিফোন/টেলিপ্রিন্টার | ১,৫০,০০০.০০ | ৭০,০০০.০০ | ৬৪,৮৯২.০০ |
| ২৬ | ৪৮১৭ | ট্যালেক্স/ফ্যাক্স | -- | ০০ | ০০ |
| ২৭ | ৪৮১৯ | পানি | ২৫,০০০,০০ | ১৭,৬১৯.০০ | ১৭,৬১৯.০০ |
| ২৮ | ৪৮২১ | বিদ্যুৎ | ৩,৫০,০০০.০০ | ২,৬০,০৭১.০০ | ২,৬০,০৭১.০০ |
| ২৯ | ৪৮২২ | গ্যাস | ২৫,০০০.০০ | ৫,৪০০.০০ | ৫,৪০০.০০ |
| ৩০ | ৪৮২৩ | সিএনজি,পেট্রোল ও লুব্রিক্যান্ট | ৫,০০,০০০.০০ | ৩,১৮,৮২৫.১৬ | ৩,১৮,৮২৫.১৬ |
| ৩১ | ৪৮২৪ | বীমা/ব্যাংক চার্জ | ৩,৫০০.০০ | ২,৭৪৩.০০ | ২,৭৪৩.০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩২ | ৪৮২৭ | মুদ্রণ ও প্রকাশনা | ৫০,০০০.০০ | ০০ | ০০ |
| ৩৩ | ৪৮২৮ | ষ্টেশনারী, সিল ও ষ্ট্যাম্পস | ৫,০০,০০০.০০ | ২,৮০,০০০.০০ | ২,৭৩,৪৭৪.৪৫ |
| ৩৪ | ৪৮২৯ | গবেষণা ব্যয় | -- | ০০ | ০০ |
| ৩৫ | ৪৮৩১ | বইপত্র ও সাময়িকী | ৫০,০০০.০০ | ১২,০৯৮.৮০ | ১২,০৯৮.৮০ |
| ৩৬ | ৪৮৩৩ | প্রচার ও বিজ্ঞাপন | ২০,০০০.০০ | ২৯,০৪৯.০০ | ২৯,০৪৯.০০ |
| ৩৭ | ৪৮৩৬ | ইউনিফর্ম | ১,০০,০০০.০০ | ৭৬,০০০.০০ | ৭৬,০০০.০০ |
| | ৪৮৪০ | প্রশিক্ষণ ব্যয় : | | | |
| ৩৮ | | ক) স্থানীয় প্রশিক্ষণ ফি | ২,০০,০০০.০০ | ১,৩০,০০০.০০ | ১১,০০০.০০ |
| ৩৯ | | খ) বৈদেশিক প্রশিক্ষণ/বৈদেশিক সেমিনারে যোগদান/ বৈদেশিক Visit/Tour | ১৫,০০,০০০.০০ | ০০ | ০০ |
| ৪০ | | গ) যৌথ উদ্দোগে আয়োজিত প্রশিক্ষণ কোর্স/সেমিনার/কর্মশালা ফি | ৫,০০,০০০.০০ | ৪০,০০০.০০ | ৪০,০০০.০০ |
| ৪১ | ৪৮৪৫ | আপ্যায়ন ব্যয়(প্রশিক্ষণের আপ্যায়নসহ) | ১২,০০,০০০.০০ | ৯,৮০,০০০.০০ | ৯,৭৫,৪৫৩.০০ |
| ৪২ | ৪৮৭৫ | পরিস্কার পরিচ্ছন্নতা(ফোর্স একাউন্ট) | ৫০,০০০.০০ | ১৫,০০০.০০ | ১১,৮৫০.০০ |
| ৪৩ | ৪৮৭৭ | প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের গাড়ী রক্ষণাবেক্ষণ ব্যয় | ৫,৪০,০০০.০০ | ১,৮৯,০০০.০০ | ১,৮৯,০০০.০০ |
| ৪৪ | ৪৮৮১ | নিরাপত্তা প্রহরী | ০০ | ০০ | ০০ |
| | ৪৮৮৩ সম্মানী ভাতা : | | | | |
| ৪৫ | | ক) অতিথি প্রশিক্ষকের সম্মানী | ১৫,০০,০০০.০০ | ৮,৬৫,৫০০.০০ | ৮,৬৫,৫০০.০০ |
| ৪৬ | | খ) প্রশিক্ষণার্থীদের পরীক্ষার খাতা মূল্যায়নের জন্য পরীক্ষকের সম্মানী | ১০,০০০.০০ | ১,২০০.০০ | ১,২০০.০০ |
| ৪৭ | | গ) গভর্নিং বোর্ডের সদস্যদের সম্মানী | ২,৫০,০০০.০০ | ৮০,৫০০.০০ | ৮০,৫০০.০০ |
| ৪৮ | | ঘ) দরপত্র মূল্যায়ন কমিটির সদস্যদের সম্মানী | ৪০,০০০.০০ | ২০,০০০.০০ | ১১,৭০০.০০ |
| ৪৯ | | ঙ) পরামর্শকের সম্মানী | ৩০,০০,০০০.০০ | ০০ | ০০ |
| ৫০ | ৪৮৮৯ | অডিট ফি | ১,৫০,০০০.০০ | ১,১০,০০০.০০ | ১,১০,০০০.০০ |
| ৫১ | | আউট সোর্সিং(যানবাহন ভাড়া, নিরাপত্তা প্রহরী ও ক্লিনিং ইত্যাদি) | ১,০০,০০০.০০ | ০০ | ০০ |
| ৫২ | | Field Visit | ৭০,০০০.০০ | ১৭,২৫০.০০ | ১৭,২৫০.০০ |
| ৫৩ | | ব্যাগ ক্রয়(প্রশিক্ষণার্থীদের জন্য) | ৫,০০,০০০.০০ | ৩,৯৩,৬০০.০০ | ৩,৯৩,৬০০.০০ |
| ৫৪ | | আইন ও মোকদ্দমা সংক্রান্ত | ৩০,০০০.০০ | ০০ | ০০ |
| ৫৫ | ৪৮৯৯ | অন্যান্য ব্যয় | ৩,৫০,০০০.০০ | ২,৩০,০০০.০০ | ২,১৫,৮৮৪.৪৮ |
| | | উপমোট : | ১,২২,৩১,০০০.০০ | ৪৪,২৯,৭৭৮.০২ | ৪২,৪৯,০৩১.৯৫ |
| | ৪৯০০ মেরামত, সংরক্ষণ ও পূণর্বাসন | | | | |
| ৫৬ | ৪৯০১ | মোটর যানবাহন | ৯,০০,০০০.০০ | ২,৫০,০০০.০০ | ২,৪৩,৯১৬.২৫ |
| ৫৭ | ৪৯০৬ | আসবাবপত্র | ১,০০,০০০.০০ | ৮,০০০.০০ | ৫,২৬১.০০ |
| ৫৮ | ৪৯১১ | কম্পিউটার ও অফিস সরঞ্জাম | ১,৫০,০০০.০০ | ১,১৫,০০০.০০ | ১,১০,০৫৩.০০ |
| ৫৯ | ৪৯১৬ | যন্ত্রপাতি ও সরঞ্জাম | ১,০০,০০০.০০ | ৪০,৪৭০.০০ | ৪০,৪৭০.০০ |
| ৬০ | | বৈদ্যুতিক সরঞ্জাম ক্রয় মেরামত ও রক্ষণাবেক্ষণ | ৩,০০,০০০.০০ | ৪০,০০০.০০ | ৩৪,৬৮৪.৩৫ |
| ৬১ | ৪৯২১ | অফিস ভবন | ২৫,০০০.০০ | ১৪,৬২১.৮০ | ১৪,৬২১.৮০ |
| ৬২ | ৪৯৫৬ | টেলিযোগাযোগ সরঞ্জাম | ৫০,০০০.০০ | ০০ | ০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৬৩ | ৪৯৯১ | অন্যান্য মেরামত ও সংরক্ষণ(পানির লাইন সংস্কার/ বর্ধিত করণ) | ৫০,০০০.০০ | ০০ | ০০ |
| | উপমোট : | | ১৬,৭৫,০০০.০০ | ৪,৬৮,০৯১.৮০ | ৪,৪৯,০০৬.৪০ |
| | ৬৮০০ সম্পদ সংগ্রহ / ক্রয় | | | | |
| ৬৪ | ৬৮০১ | অফিস ভবন | -- | ০০ | ০০ |
| ৬৫ | ৬৮০৫ | অন্যান্য ভবন | -- | ০০ | ০০ |
| ৬৬ | ৬৮০৭ | মোটরযান | -- | ০০ | ০০ |
| ৬৭ | ৬৮১৩ | যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম | -- | ০০ | ০০ |
| ৬৮ | ৬৮১৫ | কম্পিউটার ও যন্ত্রাংশ | ৩,০০,০০০.০০ | ১,৪৪,৯০০.০০ | ১,৪৪,৯০০.০০ |
| ৬৯ | ৬৮১৯ | অফিস সরঞ্জাম | ২,০০,০০০.০০ | ৩৬,৩৮৪.০০ | ৩৬,৩৮৪.০০ |
| ৭০ | ৬৮২১ | আসবাবপত্র | ৩,০০,০০০.০০ | ২,১৫,০০০.০০ | ২,১১,৩৩৭.২০ |
| | | সোলার প্যানেল স্থাপন | ১৫,০০,০০০.০০ | ০০ | ০০ |
| | উপমোট : | | ২৩,০০,০০০.০০ | ৩,৯৬,২৮৪.০০ | ৩,৯২,৬২১.২০ |
| | ৭০০০ নির্মাণ পূর্ত | | | | |
| ৭১ | ৭০০৬ | অফিস ভবন | -- | ০০ | |
| ৭২ | ৭০১৬ | অন্যান্য ভবন ও অবকাঠামো | -- | ০০ | |
| | উপমোট : | | -- | ০০ | |
| | সর্বমোট : | | ২,৮৮,৬৬,০০০.০০ | ১,৮৩,৮৬,৯০৫.১৯ | ১,৮০,৩৮,০৯৬.৫০ |

হিসাব নিরীক্ষা : বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক বিগত ২০১০-১২অর্থ বৎসর পর্যন্ত আর্থিক নিরীক্ষা সম্পন্ন হয়েছে। উক্ত অর্থ বৎসরে অর্থ্যাৎ ২০১০-১২ সময়কালে ০৩টি অডিট আপত্তি অনিষ্পন্ন আছে।

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (The Annual performance Agreement):

সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি (Government Performance Management System) এর আওতায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সঙ্গে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর বার্ষিক ২০১৫-১৬ অর্থ বৎসরের কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর হয়। APA অনুযায়ী বিপিআই এর কার্যসমূহ এর মান অত্যন্ত ভাল।

# চতুর্থ পরিচ্ছেদ

## বিপিআই এর জনবল কাঠামো

বিপিআই সীমিত সংখ্যক জনবল নিয়ে তার কর্মসূচি নির্ধারিত সময়ে সম্পন্ন করতে সচেষ্ট থাকে। ইতোমধ্যে বিপিআই এর অপ্রতুল জনবল জনিত সমস্যা নিরসনে গভর্নিং বোর্ড কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুসারে পদ সৃজনের সরকারি আদেশ (জিও) জারী করা হয়েছে এবং অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাঙ্কন করা হয়েছে। অনুমোদিত জনবল কাঠামো অনুসারে অত্র প্রতিষ্ঠানে বর্তমান জনবলের চিত্র নিম্নরূপ:

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | কর্মরত | শূন্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | মহাপরিচালক | ০১ | ০১ | -- | প্রেষণে নিয়োজিত |
| ২। | পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) | ০১ | ০১ | -- | প্রেষণে নিয়োজিত |
| ৩। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পিএসও) | ০২ | -- | ০২ | |
| ৪। | উদ্ধর্তন বৈজ্ঞানিক কর্মকর্তা | ০৩ | -- | ০৩ | |
| ৫। | উপ-পরিচালক | ০২ | ০১ | ০১ | |
| ৬। | বৈজ্ঞানিক কর্মকর্তা(এসও) | ০৮ | ০১ | ০৭ | |
| ৭। | সহকারী পরিচালক | ০৪ | ০৪ | -- | |
| | ১ম শ্রেণীর মোট = | ২১ | ০৮ | ১৩ | |
| ৮। | হিসাব রক্ষক-কাম-ক্যাশিয়ার | ০১ | ০১ | -- | |
| ৯। | টেকনিশিয়ান (ল্যাব/কম্পিউটার/ইলেকট্রিকেল) | ০২ | ০১ | ০১ | |
| ১০। | পিএ | ০৩ | -- | ০৩ | |
| ১১। | নকশাকার | ০১ | ০১ | -- | |
| ১২। | সহকারী স্টোর/হিসাব/প্রশিক্ষণ/লাইব্রেরী) | ০৪ | ০৩ | ০১ | |
| ১৩। | এলডিএ/টাইপিষ্ট | ০৩ | ০৩ | -- | |
| ১৪। | গাড়ীচালক | ০৪ | ০৩ | ০১ | |
| | ৩য় শ্রেণী মোট = | ১৮ | ১৩ | ০৫ | |
| ১৫। | ম্যাপ কপিয়ার/□□□□□□□ প্রিন্টার/পিপিসি অপারেটর | ০২ | ০২ | -- | |
| ১৬। | ল্যাব এটেনডেন্ট | ০১ | ০১ | -- | |
| ১৭। | দপ্তরী | ০১ | ০১ | -- | |
| ১৮। | এম.এল.এস.এস | ০৬ | ০৬ | -- | |
| ১৯। | নিরাপত্তা প্রহরী | ০৩ | ০২ | ০১ | |
| ২০। | ঝাড়ুদার | ০১ | ০১ | -- | |
| ২১। | মালী | ০১ | -- | ০১ | |
| | ৪র্থ শ্রেণীর মোট= | ১৫ | ১৩ | ০২ | |
| | সর্বমোট: (১ম+৩য়+৪র্থ) = | ৫৪ | ৩৩ | ২১ | |

বিপিআই এর জনবল কাঠামোয় বর্তমানে ২১টি পদ শূন্য আছে। তার মধ্যে প্রথম শ্রেণীর ১৩টি পদ শূন্য থাকায় প্রশিক্ষণ ও গবেষণা কাজে প্রতিকূল পরিস্থিতির সম্মুখীন হতে হচ্ছে। নিজস্ব জনবলের অভাবে শতভাগ প্রশিক্ষকই বাহির হতে অর্থাৎ সরকারী কর্মকর্তা, জ্বালানি খাতের অভিজ্ঞ কর্মকর্তা, বাংলাদেশ আণবিক শক্তি কমিশন, ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও বুয়েটের শিক্ষকদের মধ্য হতে নেয়া হয়। ব্যবহারিক ক্লাশগুলো আণবিক শক্তি কমিশনের গবেষণাগারে ও তিতাস গ্যাস টি এন্ড ডি কোং লিঃ এর গবেষণাগারে অনুষ্ঠিত হয়। বিপিআই এর প্রবিধানমালার গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ায় জনবল নিয়োগের জন্য ব্যবস্থা গ্রহণ করা হবে।

# পঞ্চম পরিচ্ছেদ

## বিপিআই এর সমস্যা ও ভবিষ্যত পরিকল্পনা

### সমস্যা :

তেল, গ্যাস ও খনিজ খাতে সময়ের চাহিদা অনুসারে প্রশিক্ষণ প্রদান, গবেষণা পরিচালনা ও কারিগরী জ্ঞান বিনিময়ের জন্য যে দক্ষ জনশক্তির প্রয়োজন বিপিআই এ তা নেই। এ ছাড়া এ প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামো বিপিআই আইনে উল্লেখিত কার্যবলী পরিচালনার উপযোগি নয়।

বর্তমানে যে সকল বিষয়ে সংকট রয়েছে তা নিম্নে উল্লেখ করা হলো :

- প্রশিক্ষার্থীদের জন্য কোন আবাসিক সুবিধা নেই।
- প্রয়োজনীয় প্রশিক্ষণ সরঞ্জামের অভাব রয়েছে।
- বিপিআইতে কোন গবেষক ও গবেষণাগার নেই।
- প্রশিক্ষণ প্রদানের জন্য নিজস্ব কোনো প্রশিক্ষক নেই।
- কম্পিউটার ল্যাব নেই।
- গবেষণার জন্য ডাটা ব্যাংক নেই।

### ভবিষ্যত পরিকল্পনা :

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) পৃথিবীর অন্যান্য দেশের পেট্রোলিয়াম বিষয়ক প্রশিক্ষণ প্রতিষ্ঠান এমন কি প্রতিবেশী রাষ্ট্র ভারতের তুলনায় অনেক পিছিয়ে আছে। এ অবস্থা থেকে উত্তরণের জন্য বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর সক্ষমতা বৃদ্ধির জন্য বিপিআই এর অবকাঠামোগত মেরামত ও সংরক্ষণ কার্যক্রমের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। প্রশিক্ষণার্থীদের আবাসিক সুবিধা প্রদানসহ প্রশিক্ষণ সংক্রান্ত অন্যান্য ভৌত সুবিধাদির বৃদ্ধিরও মানোন্নয়নের লক্ষ্যে ইতিমধ্যে ভৌত অবকাঠামোগত মেরামত ও সংরক্ষণ এর কাজ করা হচ্ছে। বিপিআই এর প্রবিধানমালার গেজেট প্রকাশিত হওয়ার ফলে শূন্য পদে জনবল নিয়োগ করা সম্ভব হবে ফলে প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে গতিশীলতা আসবে।

### উপসংহার :

জ্বালানি খাতে নিয়োজিত কারিগরী জনবলের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান ও গবেষণা পরিচালনা করা বিপিআই এর প্রধান দায়িত্ব। এ দায়িত্ব পালনে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট অঙ্গিকারাবদ্ধ। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট তার সীমিত জনবল দিয়ে প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা করে আসছে। জনবল ও ভৌত সুবিধাদির যে সমস্যা রয়েছে তা সুরাহা করার উদ্যোগও গ্রহণ করা হয়েছে। বিপিআিই এর ভৌত অবকাঠামোগত সুবিধা বৃদ্ধির লক্ষ্যে ইতোমধ্যে বিপিসি ও পেট্রোবাংলার কোম্পানী সমূহের সহযোগিতায় সংস্কার কার্যক্রম গ্রহন করা হয়েছে। আশা করা যায় উক্ত কার্যক্রম জ্বালানি খাতে মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানব সম্পদ উন্নয়নে কার্যকর ভুমিকা পালন করবে। আশা করা যায় এ প্রতিষ্ঠানটি অচিরেই সকল সমস্যা কাটিয়ে উঠে তার উপর ন্যস্ত দায়িত্ব পালনে সক্ষম হবে। জ্বালানি খাতে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তুলে এ ইন্সটিটিউট তেল ও গ্যাস অনুসন্ধান, উৎপাদন ও বিতরণ প্রক্রিয়ার সাথে সম্পর্কযুক্ত বিভিন্ন সংস্থা ও দপ্তরের সক্ষমতা বৃদ্ধিতে অবদান রাখবে। ফলে জ্বালানি খাত বিদেশ নির্ভরতা হ্রাস করে নিজস্ব জনশক্তি গঠনে কার্যকর ভূমিকা রাখবে।

----*****----